দৈনিক সংবাদ

2

তারিখ 12 AUG 1998
পৃষ্ঠা ১২ কলাম ৭

ইসলামী বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগ-শিবির মুখোমুখি ক্যাম্পাসে ১৪৪ ধারা জারি

ইসলামী বিশ্ববিদ্যালয়, ১১ই আগস্ট (সংবাদদাতা)।– অবনতিশীল পরিস্থিতির কারণে ইসলামী বিশ্ববিদ্যালয়ের দুই কিলোমিটার এলাকায় আজ বিকেল ৫টা থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ১৪৪ ধারা জারি করা হয়েছে। ছাত্রলীগ (শা-পা) ও শিবিরের মধ্যে দিনব্যাপী সহিংস ঘটনায় ৫ জন আহত হয়েছে।

গত রোববার ছাত্রলীগ নেতা মামুন নিহত হওয়ার ঘটনায় সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক আবদুল হান্নান বাদি হয়ে ছাত্র শিবিরের সাধারণ সম্পাদক মোস্তফা জামানসহ ৩ জনের বিরুদ্ধে কুষ্টিয়া থানায় মামলা দায়ের করেন।

আজ সকাল দশটার দিকে প্রধান গেট এলাকায় শিবিরকর্মী সৈয়দ আহমেদ ছাত্রলীগ কর্মীদের হাতে প্রহৃত হয়। বেলা ১১টার দিকে শিবিরকর্মীরা প্রধান গেট দখলে নিয়ে খুলনাগামী বেশ কয়েকটি বাস থামিয়ে ছাত্রলীগ কর্মীদের খুঁজতে থাকে। এ সময় ছাত্রলীগ কর্মীরাও শেখপাড়া বাজারে অবস্থান নেয়। এক পর্যায়ে উভয় দল সশস্ত্র অবস্থায় মুখোমুখি হলে পুলিশ মাঝামাঝি অবস্থান নিয়ে উভয় দলকে সাময়িক নিবৃত্ত করতে সমর্থ হয়।

দুপুর আড়াইটার দিকে শেখপাড়া বাজারে শিবিরকর্মী চপল প্রতিপক্ষের হামলায় মারাত্মক জখম হয়। তাকে ঝিনাইদহ হাসপাতালে ভর্তি করা হয়। পরে ঢাকায় পাঠানো হয়। চপল আহত হওয়ার খবর ক্যাম্পাসে পৌঁছলে প্রবল বৃষ্টির মাঝে শিবিরকর্মীরা মারাত্মক অস্ত্রে সজ্জিত হয়ে পাল্টা হামলা চালায়।

ছাত্রলীগ মামুন নিহতের সঙ্গে জড়িত শিবিরকর্মীদের গ্রেফতার ও শাস্তির দাবিতে ক্যাম্পাসে আহূত দু'দিনব্যাপী ছাত্র ধর্মঘটের আজ প্রথম দিনে বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম বন্ধ থাকে। উপাচার্য প্রফেসর কায়েস উদ্দিন অফিস করতে পারেননি। ছাত্রলীগের আহ্বানে কুষ্টিয়া শহরে ধর্মঘট পালিত হয়।